

107654 - কোকাকোলা পান করার হুকুম

প্রশ্ন

প্রশ্ন:

আমার বাম্ববী আমাকে বলল যে, কোকাকোলা পান করা হারাম। কারণ আমরা যদি আয়নার ভিতরে কোকাকোলার বোতলের প্রতিবিশ্বের দিকে তাকাই তখন দেখতে পাই যে, লেখা আছে- লা ইলাহা (কোন উপাস্য নেই), লা মুহাম্মদ (মুহাম্মদ নেই)। সে আমাকে আরও বলল যে, যে ব্যক্তি এটা পান করে সে মুসলিম নয়। অনুগ্রহপূর্বক বিষয়টি পরিস্কার করবেন।

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

কোমল-পানীয় কোকাকোলাসম্পর্কে যেকথাগুলো বলা হয়েছে থাকে যে, এর বোতলের উপরে লেখা আছে, লাআল্লাহ(আল্লাহ নেই), লা মুহাম্মদ(মুহাম্মদনেই) অথবা লা মুহাম্মদ(মুহাম্মদনেই) লা মক্কা(মক্কা নেই); আয়নাভিতরে তাকালে এটি দেখা যায়-এ কথা সঠিক নয় এবং এর ভিত্তিতে কোন শরয়িবিধান আরোপিত হয় না।

আমাদের উচিত এ ধরনের জোড়াতালি নির্ভরকল্পিত ধ্যান-ধারণা থেকে দূরে থাকা; যার কোন ভিত্তি নেই। যে কোন পানীয়ের মধ্যে যদি ক্ষতিকর কোন উপাদান থাকার কারণে হয় তাহলে এটি পান করা হারাম। আর যদি এমন কিছু সাব্যস্ত না হয়- তাহলে যেকোন পানীয় পান করা হালাল। কল্পনা ও ধারণা নির্ভর কোন তথ্যের কারণে কোন পানীয় হারাম হবে না।

কিন্তু উপাদানকারী কোম্পানী যদি ইসলামের সাথে শত্রুতা করে এবং ইসলামের শত্রুদেরকে সাহায্য করে তাহলে ইসলামের শত্রুতার কারণে সে কোম্পানীর পণ্য বর্জন করা উচিত।

আল্লাহই ভাল জানেন।

আল্লাহই সবচেয়ে ভাল জানেন।